গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা।
www.comc.college.gov.bd, www.comc.edu.bd

স্মারক নং- ৫৯.১৪.০০০০.১৩৩.৯৯.০০১.২৫-২৯০২ তারিখ-১৬/১১/২০২৫ খ্রি.

বিষয়: *ছাত্র উপদেষ্টা* ***(Student Advisor)*** হিসেবে মনোনয়ন ও দায়িত্ব পালন প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল (BM&DC)-এর নির্দেশনা এবং Bangladesh Medical Education Accreditation Council (BMEAC) এর মানদন্ড অনুযায়ী শিক্ষার্থীদের একাডেমিক, মানসিক ও সামাজিক সহায়তা কার্যক্রমকে আরও গতিশীল করার লক্ষ্যে আপনাকে কুমিল্লা মেডিকেল কলেজের ছাত্র উপদেষ্টা **(Student Advisor)** হিসেবে আপনাকে মনোনয়ন প্রদান করা হলো এবং আপনার দায়িত্ব ও কার্যাবলি নিম্নরূপভাবে নির্ধারণ করা হলো:

**দায়িত্ব ও কার্যাবলি:**

**১. শিক্ষার্থী পরামর্শ প্রদান:**
- শিক্ষার্থীদের একাডেমিক সমস্যা, ব্যক্তিগত উদ্বেগ, মানসিক চাপ বা পেশাগত বিভ্রান্তির ক্ষেত্রে ব্যক্তিগত পরামর্শ প্রদান।
- শিক্ষার্থীদের আত্মবিশ্বাস, পেশাগত মনোভাব এবং ইতিবাচক দৃষ্টিভঙ্গি গঠনে সহায়তা করা।

**২. ছাত্র সহায়তা কার্যক্রমে অংশগ্রহণ:**
- Student welfare activities এর আলোকে গঠিত কমিটি গুলোতে প্রদত্ত দায়িত্ব গুলো যথাযথ ভাবে সম্পন্ন করা ও সমন্বয় করা।
- ছাত্র পরামর্শ সংক্রান্ত কার্যক্রমের ডকুমেন্টেশন ও ফলোআপ নিশ্চিত করা।

**৩. Peer Mentorship তদারকি:**
- সিনিয়র-জুনিয়র Mentor–Mentee প্রোগ্রাম তদারকি করা।
- শিক্ষার্থীদের মধ্যে পারস্পরিক সহযোগিতা ও সামাজিক বন্ধন বৃদ্ধি করতে বিভিন্ন কার্যক্রম আয়োজন করা।

**৪. সংবেদনশীলতা ও সচেতনতা:**
- পরীক্ষা-জনিত মানসিক চাপ, উদ্বেগ বা বার্ন-আউট প্রতিরোধে শিক্ষার্থী সচেতনতা সেশন আয়োজন করা।
- World Mental Health Day, Student Wellness Campaign ইত্যাদি উদ্যোগে সক্রিয় অংশ গ্রহণ করা।

**৫. রেফারেল ব্যবস্থা:**
- শিক্ষার্থীর মানসিক সমস্যা বা আচরণগত জটিলতার ক্ষেত্রে যথাযথ কমিটিতে রেফার করা।
- প্রয়োজনে সাইকিয়াট্রি বিভাগ বা ক্লিনিক্যাল সাইকোলজিস্টের সহায়তা নেওয়া।

**৬. রিপোর্ট ও যোগাযোগ:**
- ছাত্রকল্যাণ ও পরামর্শ কার্যক্রমের মাসিক অগ্রগতির প্রতিবেদন Vice Principal ও Chairmen MEU বরাবর দাখিল করা।
- শিক্ষার্থীদের কল্যাণে পরিচালিত কার্যক্রমের পরিকল্পনা ও বাস্তবায়নে প্রশাসনিক সহযোগিতা প্রদান।

আপনি অত্র মেডিকেল কলেজের প্রশাসনিক ও একাডেমিক ভবনের ১২৫ নং কক্ষে দায়িত্ব পালন করবেন।

এই আদেশ অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বহাল থাকবে।

16.11.25

**অধ্যাপক ডাঃ মির্জ্জা মুহাম্মদ তাইয়েবুল ইসলাম**
অধ্যক্ষ
কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা।

**ডাঃ জহির উদ্দিন মোহাম্মদ বাবর**
**সহযোগী অধ্যাপক, চর্ম ও যৌন রোগ বিভাগ**
**কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা।**

স্মারক নং- ৫৯.১৪.০০০০.১৩৩.৯৯.০০১.২৫- তারিখ- /১১/২০২৫ খ্রি.

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরন করা হলো ঃ

০১। উপাধ্যক্ষ,কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা।
০২। চেয়ারম্যান, মেডিকেল এডুকেশন ইউনিট, কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা।
০৩। বিভাগীয় প্রধান, (সকল)........................................................., কুমিল্লা মেডিকেল কলেজ , কুমিল্লা।
০৪। অফিস কপি।

**অধ্যাপক ডাঃ মির্জ্জা মুহাম্মদ তাইয়েবুল ইসলাম**
অধ্যক্ষ
কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা।
www.comc.college.gov.bd, www.comc.edu.bd

স্মারক নং- ৫৯.১৪.০০০০.১৩৩.৯৯.০০১.২৫-২১০৬ তারিখ-১৬/১১/২০২৫ খ্রি.

বিষয়: ছাত্র কল্যাণ কর্মকর্তা (**Student Welfare Officer**) হিসেবে মনোনয়ন ও দায়িত্ব পালন প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল (BM&DC) এর একাডেমিক নির্দেশিকা এবং Bangladesh Medical Education Accreditation Council (BMEAC) এর গুণগত মান-নিশ্চয়তা কাঠামো অনুসারে শিক্ষার্থীদের একাডেমিক, মানসিক, আর্থিক ও সামাজিক কল্যাণ কার্যক্রমকে আরও সুসংগঠিত ও কার্যকর করার উদ্দেশ্যে আপনাকে কুমিল্লা মেডিকেল কলেজের ছাত্র কল্যাণ কর্মকর্তা (**Student Welfare Officer**) হিসেবে আপনাকে মনোনয়ন প্রদান করা হলো এবং আপনার দায়িত্ব ও কার্যাবলি নিম্নরূপভাবে নির্ধারণ করা হলো।

**মূল দায়িত্ব ও কার্যাবলি:**

**১. শিক্ষার্থী কল্যাণ তদারকি:**
- শিক্ষার্থীদের সার্বিক কল্যাণ ও সুরক্ষা নিশ্চিত করা।
- শিক্ষার্থীদের আর্থিক, সামাজিক ও মানসিক সহায়তা বিষয়ক সমস্যাগুলো গ্রহণ ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।

**২. কমিটি সমন্বয়:**
- Student welfare activities এর আলোকে গঠিত কমিটি গুলোতে প্রদত্ত দায়িত্ব গুলো যথাযথ ভাবে সম্পন্ন করা ও সমন্বয় করা।

**৩. ছাত্র সহায়তা কার্যক্রম বাস্তবায়ন:**
- আর্থিক সহায়তা, স্কলারশিপ বা অন্যান্য ছাত্র কল্যাণমূলক কর্মসূচি বাস্তবায়নে প্রশাসনিক সহায়তা প্রদান।
- অসচ্ছল শিক্ষার্থীদের সনাক্তকরণ ও যাচাই প্রক্রিয়ায় অংশগ্রহণ।

**৪. শৃঙ্খলা বিষয়ক দায়িত্ব:**
- র‍্যাগিং, মানসিক হয়রানি বা আচরণগত সমস্যার অভিযোগ প্রাপ্ত হলে তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ ও প্রিন্সিপাল বরাবর প্রতিবেদন দাখিল করা।

**৫. পরামর্শ ও সহায়তা:**
- শিক্ষার্থীদের ব্যক্তিগত, মানসিক বা পারিবারিক সংকটে প্রাথমিক পরামর্শ প্রদান।
- Psychological Support Committee ও Counseling Cell-এর সঙ্গে সমন্বয় রেখে প্রয়োজনীয় রেফারেল ব্যবস্থা করা।

**৬. রিপোর্ট ও ডকুমেন্টেশন:**
- প্রতিমাসে ছাত্রকল্যাণ সংক্রান্ত সংক্ষিপ্ত প্রতিবেদন প্রস্তুত করে অধ্যক্ষ বরাবর দাখিল করা।
- শিক্ষার্থীদের কল্যাণমূলক কর্মসূচির যাবতীয় নথি ও রেকর্ড সংরক্ষণ।

আপনি অত্র মেডিকেল কলেজের প্রশাসনিক ও একাডেমিক ভবনের ১২৫ নং কক্ষে দায়িত্ব পালন করবেন।

এই আদেশ অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বহাল থাকবে।

16.11.25

**অধ্যাপক ডাঃ মির্জ্জা মুহাম্মদ তাইয়েবুল ইসলাম**
অধ্যক্ষ
কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা।

ডাঃ মোহাম্মদ মাসুম এমরান
সহকারী অধ্যাপক, নিউরোলজি বিভাগ
কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা।

স্মারক নং- ৫৯.১৪.০০০০.১৩৩.৯৯.০০১.২৫- তারিখ- /১১/২০২৫ খ্রি.

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরন করা হলো ঃ

০১। উপাধ্যক্ষ,কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা।
০২। চেয়ারম্যান, মেডিকেল এডুকেশন ইউনিট, কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা।
০৩। বিভাগীয় প্রধান, (সকল)..............................................................., কুমিল্লা মেডিকেল কলেজ , কুমিল্লা।
০৪। অফিস কপি।

**অধ্যাপক ডাঃ মির্জ্জা মুহাম্মদ তাইয়েবুল ইসলাম**
অধ্যক্ষ
কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
অধ্যক্ষের কার্যালয়
কুমিল্লা মেডিকেল কলেজ
www.comc.college.gov.bd; comc.edu.bd

নং-৫৯.১৪.০০১৯.০০৩.০৬.০১.২০২৫-২৭৭০ তারিখ: ১৬.১১.২০২৫ খ্রি.

বিষয়: **"Student Counselling Committee"** গঠন ও কার্যক্রম শুরু সংক্রান্ত।

কোয়ালিটি অ্যাস্যুরেন্স স্কিম (QAS) এবং মেডিকেল এডুকেশন ইউনিট (MEU)-এর অধীনে শিক্ষার্থীদের একাডেমিক, মানসিক ও পেশাগত কল্যাণ নিশ্চিত করার লক্ষ্যে নিম্নবর্ণিত "Student Counselling Committee" গঠন করা হলো। কমিটিটি অবিলম্বে কার্যক্রম শুরু করবে এবং নিম্নলিখিত দায়িত্ব ও কার্যাবলি (Job Description) অনুযায়ী কাজ পরিচালনা করবে।

## Student Counselling Committee

**উদ্দেশ্য:** শিক্ষার্থীদের একাডেমিক, মানসিক, সামাজিক ও পেশাগত দিক থেকে সহায়তা প্রদান; মানসিক স্থিতিশীলতা বৃদ্ধি; সংকটকালীন সময়ে সহায়তা ও দিকনির্দেশনা প্রদান।

| পদবী | নাম ও পদবী |
|---|---|
| সভাপতি | উপাধ্যক্ষ ও একাডেমিক কো-অর্ডিনেটর |
| সদস্য সচিব | চেয়ারম্যান, মেডিকেল এডুকেশন ইউনিট |
| সদস্য | ফেইজ- I<br>ডা. তানিয়া সুলতানা<br>সহকারী অধ্যাপক, ফিজিওলজি বিভাগ<br>ফেইজ – II<br>ডা. শারমিন সুলতানা<br>সহযোগী অধ্যাপক, ফরেনসিক মেডিসিন বিভাগ<br>ফেইজ – III<br>ডা. উম্মে কুলসুম মুনমুন<br>সহকারী অধ্যাপক, প্যাথলজি বিভাগ<br>ফেইজ – IV<br>অধ্যাপক ডা. মো. জাহিদুল হক<br>অধ্যাপক, ফিজিক্যাল মেডিসিন |
| সদস্য | ডা. শরিফুল হক, ক্লিনিক্যাল সাইকোলজিস্ট |
| সদস্য | ডা. মো. মাসুম হাসান, সহকারী অধ্যাপক, ইউরোলজি ও হোস্টেল তত্ত্বাবধায়ক |
| সদস্য | ডা. জহির উদ্দিন মোহাম্মদ বাবর, সহযোগী অধ্যাপক, স্কিন এন্ড ভি.ডি., ছাত্র উপদেষ্টা |
| সদস্য | ডা. মো. মাসুম ইমরান, সহকারী অধ্যাপক, নিউরোলজি বিভাগ, ছাত্র কল্যাণ কর্মকর্তা |
| সদস্য | ১. আব্দুল্লাহ আল নাহিন (২য় বর্ষ, CoM-33)<br>২. আফসানা মীম (১ম বর্ষ, CoM-34) |
| সদস্য | ডা. সুদীপ্ত রায় (CoM-29) |

কমিটির মূল দায়িত্ব ও কার্যাবলি (Core Functions):

**১. একাডেমিক পরামর্শ (Academic Counselling):**
- পড়াশোনায় পিছিয়ে পড়া বা সময় ব্যবস্থাপনায় সমস্যাগ্রস্ত শিক্ষার্থীদের সহায়তা করা।
- প্রয়োজনবোধে শিক্ষার্থীকে "Academic Support Services Committee"- সঙ্গে সমন্বয় করা।

**২. মানসিক ও ব্যক্তিগত সহায়তা (Emotional & Personal Support):**
- শিক্ষার্থীদের জন্য নিরাপদ, গোপনীয় ও সহানুভূতিশীল পরিবেশ নিশ্চিত করা।
- প্রয়োজনে "Psychological Support Committee"-র সঙ্গে সমন্বয় করা।

**৩. ক্যারিয়ার নির্দেশনা (Career Guidance):**
- শিক্ষার্থীদের পেশাগত পরিকল্পনা, উচ্চতর শিক্ষা, গবেষণা বা পাবলিক হেলথ ক্যারিয়ার বিষয়ে দিকনির্দেশনা প্রদান।
- ক্যারিয়ার কাউন্সেলিং সেশন, মক ইন্টারভিউ ও পোস্টগ্রাজুয়েট গাইডলাইন ওয়ার্কশপ আয়োজন করা।

**৪. সহপাঠী পরামর্শ ও মেন্টরশিপ মনিটরিং (Peer Mentorship Monitoring):**
- পিয়ার মেন্টরশিপ প্রোগ্রাম তদারক করা ও শিক্ষার্থীদের পিয়ার মেন্টরদের সহায়তা নিতে উৎসাহিত করা।

**৫. গোপনীয় পরামর্শ (Confidential Counselling):**
- সকল সেশনের তথ্য শিক্ষার্থীর সম্মতিতে গোপন রাখা।
- কোনো শিক্ষার্থী যেন পরামর্শ গ্রহণের জন্য কোনো প্রকার প্রতিকূলতার সম্মুখীন না হয় তা নিশ্চিত করা।

**৬. মানসিক সুস্থতা ও সচেতনতা বৃদ্ধি (Wellness Promotion):**
- পরীক্ষার চাপ, সময় ব্যবস্থাপনা ও পেশাগত আচরণ বিষয়ে ওয়ার্কশপ আয়োজন করা।
- বিশ্ব মানসিক স্বাস্থ্য দিবস পালনের পাশাপাশি "Burnout Prevention" বিষয়ক সেশন আয়োজন করা।

**৭. সংকটকালীন সহায়তা (Emergency & Crisis Management):**
- মানসিকভাবে বিপর্যস্ত শিক্ষার্থীর জন্য দ্রুত প্রতিক্রিয়া ব্যবস্থা (Rapid Response Chain) তৈরি করা।
- হোস্টেল সুপার, স্টুডেন্ট অ্যাফেয়ার্স ও সাইকিয়াট্রি বিভাগের সঙ্গে সার্বক্ষনিক যোগাযোগ বজায় রাখা।

অফিস ও কার্যক্রমের স্থান: কক্ষ নং- ১২৬
- স্টুডেন্ট ওয়েলফেয়ার সেকশনে নির্দিষ্ট স্থানে নিয়মিত কার্যক্রম চলবে। প্রয়োজনে Mental Health Help Desk একীভূতভাবে ব্যবহার করা যাবে।

এই অফিস আদেশ জারির পর "Student Counselling Committee" অবিলম্বে কার্যক্রম শুরু করবে এবং সম্পাদিত কার্যক্রমের সংক্ষিপ্ত প্রতিবেদন প্রতি ০৩ (তিন) মাস অন্তর একাডেমিক কো অর্ডিনেটর ও মেডিকেল এডুকেশন ইউনিটে দাখিল করবে।

16.11.25

অধ্যাপক ডা. মির্জ্জা মুহাম্মদ তাইয়েবুল ইসলাম
অধ্যক্ষ,
কুমিল্লা মেডিকেল কলেজ
E-mail: comc@ac.dghs.gov.bd

নং-৫৯.১৪.০০১৯.০০৩.০৬.০১.২০২৫- ২৯৯০ (৫০) তারিখ: ১৬.১১.২০২৫ খ্রি.

অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হলো:

১. উপাধ্যক্ষ, কুমিল্লা মেডিকেল কলেজ।
২. চেয়ারম্যান, মেডিকেল এডুকেশন ইউনিট, কুমেক।
৩. বিভাগীয় প্রধান (সকল) ........................................................ কুমিল্লা মেডিকেল কলেজ।
৪. ডা. ........................................................................................................................
৫. অফিস কপি।

16.11.25

অধ্যাপক ডা. মির্জ্জা মুহাম্মদ তাইয়েবুল ইসলাম
অধ্যক্ষ
কুমিল্লা মেডিকেল কলেজ

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

অধ্যক্ষের কার্যালয়

কুমিল্লা মেডিকেল কলেজ

www.comc.college.gov.bd; comc.edu.bd

নং-৫৯.১৪.০০১৯.০০৩.০৬.০১.২০২৫- ২১১১ তারিখ: ১৬.১১.২০২৫ খ্রি.

বিষয়: **"Mental Health Support and Well-being Committee"** গঠন ও কার্যক্রম শুরু সংক্রান্ত।

কোয়ালিটি অ্যাস্যুরেন্স স্কিম (QAS), মেডিকেল এডুকেশন ইউনিট (MEU) এবং স্টুডেন্ট ওয়েলফেয়ার সিস্টেমের আওতায় শিক্ষার্থীদের মানসিক স্বাস্থ্য, আবেগীয় সুস্থতা ও সহনশীলতা বৃদ্ধি, এবং মানসিক স্বাস্থ্যসেবায় কলঙ্ক (stigma) হ্রাস করার লক্ষ্যে নিম্নবর্ণিত "Mental Health Support and Well-being Committee" গঠন করা হলো। কমিটিটি অবিলম্বে কার্যক্রম শুরু করবে এবং নির্ধারিত দায়িত্ব ও কার্যাবলি (Core Functions) অনুযায়ী কাজ পরিচালনা করবে।

## Mental Health Support and Well-being Committee

**উদ্দেশ্য:** শিক্ষার্থীদের মানসিক স্বাস্থ্য উন্নয়ন, সময়োপযোগী সহায়তা প্রদান, স্ট্রেস ও বার্নআউট প্রতিরোধ, এবং কাউন্সেলিং ও ক্লিনিক্যাল কেয়ার সিস্টেমের কার্যক্রমকে সম্পূরকভাবে পরিচালনা করা।

| পদবী | নাম ও পদবী |
|---|---|
| চেয়ারপারসন | ডা. মো. শাহেদুল ইসলাম, সহযোগী অধ্যাপক, বিভাগীয় প্রধান, সাইকিয়াট্রি বিভাগ |
| সদস্য সচিব | ডা. মো. মাসুম ইমরান, সহকারী অধ্যাপক, নিউরোলজি বিভাগ, ছাত্র কল্যাণ কর্মকর্তা |
| সদস্য | ডা. বিজয় কুমার দত্ত, সহকারী অধ্যাপক, সাইকিয়াট্রি বিভাগ |
| সদস্য | ডা. শরিফুল হক, সহকারী অধ্যাপক, সাইকিয়াট্রি বিভাগ |
| সদস্য | ডা. জহির উদ্দিন মোহাম্মদ বাবর, সহযোগী অধ্যাপক, স্কিন এন্ড ভি.ডি., ছাত্র উপদেষ্টা |
| সদস্য | ডা. মো. মাসুম হাসান, সহকারী অধ্যাপক, ইউরোলজি ও হোস্টেল সুপারিনটেনডেন্ট |
| সদস্য | ডা. জুবাইদা আহমেদ, সহযোগী অধ্যাপক, কমিউনিটি মেডিসিন |
| সদস্য | মেহরুন ইকবাল মারিয়া (২য় বর্ষ, CoM-33) ছাত্র প্রতিনিধি |
| সদস্য | সামির বিন হেলাল (১ম বর্ষ, CoM-34) |
| সদস্য | ডা. নূর-এ-আলম, রেজিস্ট্রার, সাইকিয়াট্রি বিভাগ |

### কমিটির মূল দায়িত্ব ও কার্যাবলি (Core Functions):

**১. মানসিক স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধি (Mental Health Promotion):**

- শিক্ষার্থীদের মধ্যে Burnout, Anxiety, Exam Stress, Digital Overload, Resilience ইত্যাদি বিষয়ে সচেতনতা সেশন আয়োজন।
- মানসিক স্বাস্থ্যবিষয়ক পোস্টার, ফ্লায়ার ও অনলাইন কনটেন্ট তৈরি ও প্রচার করা।

**২. প্রাথমিক শনাক্তকরণ ও রেফারেল (Early Identification & Referral):**

- শিক্ষক ও হোস্টেল কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান, যাতে শিক্ষার্থীর মানসিক চাপের লক্ষণ চিহ্নিত করা যায়।
- শিক্ষার্থীদের জন্য Anonymous Self-Referral System বা রিপোর্টিং চ্যানেল চালু করা।

**৩. সহপাঠী সহায়তা (Peer Support Development):**

- শিক্ষার্থীদের মধ্য থেকে Student Wellness Ambassador নিয়োগ ও প্রশিক্ষণ দেওয়া, যারা প্রাথমিক শ্রোতা (Peer Listener) হিসেবে কাজ করবে।
- "Social Support Committee" ও "Student Counselling Unit"-এর সঙ্গে সমন্বয় করে রেফারেল পথ নির্ধারণ করা।

৪. **পরিবেশ ও জীবনধারা সহায়তা (Environment & Lifestyle Support):**

- হোস্টেল, একাডেমিক রুটিন ও অবসর বিনোদন ব্যবস্থার উন্নতির জন্য সুপারিশ করা।
- শিক্ষার্থীদের মানসিক প্রশান্তির জন্য কো কারিকুলার কাজের কার্যক্রম প্রবর্তনের সুপারিশ করা।

৫. **সংকট প্রস্তুতি (Crisis Preparedness):**

- মানসিক স্বাস্থ্য জরুরি অবস্থার জন্য ২৪ ঘণ্টার বিশেষ প্ল্যান তৈরি ও রক্ষণাবেক্ষণ।
- তীব্র মানসিক সংকট দেখা দিলে সাইকিয়াট্রি, কাউন্সেলিং ও হাসপাতালের ইমার্জেন্সি ইউনিটের সঙ্গে তাৎক্ষণিক সমন্বয়।

৬. **পর্যবেক্ষণ ও মূল্যায়ন (Monitoring & Evaluation):**

- শিক্ষার্থীদের স্ট্রেস ও মানসিক স্বাস্থ্যের অবস্থা মূল্যায়নে নিয়মিত সার্ভে পরিচালনা।

**অফিস / মিটিং স্থান:** কক্ষ নং- ১২৬

এই অফিস আদেশ জারির পর কমিটিটি অবিলম্বে কার্যক্রম শুরু করবে এবং গৃহীত পদক্ষেপ ও শিক্ষার্থীদের সহায়তা কার্যক্রমের সংক্ষিপ্ত প্রতিবেদন প্রতি ০৩ (তিন) মাস অন্তর একাডেমিক কো অর্ডিনেটর ও মেডিকেল এডুকেশন ইউনিটে দাখিল করবে।

16.11.25

অধ্যাপক ডা. মির্জা মুহাম্মদ তাইয়েবুল ইসলাম
অধ্যক্ষ,
কুমিল্লা মেডিকেল কলেজ
E-mail: comc@ac.dghs.gov.bd

নং-৫৯.১৪.০০১৯.০০৩.০৬.০১.২০২৫-২২২২ (৫০)    তারিখ: ১৬.১১.২০২৫ খ্রি.

অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হলো:

১. উপাধ্যক্ষ, কুমিল্লা মেডিকেল কলেজ।
২. চেয়ারম্যান, মেডিকেল এডুকেশন ইউনিট, কুমেক।
৩. বিভাগীয় প্রধান (সকল) ........................................................ কুমিল্লা মেডিকেল কলেজ।
৪. ডা. ...................................................................................................................................................
৫. অফিস কপি।

16.11.25

অধ্যাপক ডা. মির্জা মুহাম্মদ তাইয়েবুল ইসলাম
অধ্যক্ষ
কুমিল্লা মেডিকেল কলেজ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
কুমিল্লা মেডিকেল কলেজ
www.comc.college.gov.bd; comc.edu.bd

নং-৫৯.১৪.০০১৯.০০৩.০৬.০১.২০২৫- ২৯৯২ তারিখ: ১৬.১১.২০২৫ খ্রি.

বিষয়: **"Academic Support Services Committee"** গঠন ও কার্যক্রম শুরু সংক্রান্ত।

কোয়ালিটি অ্যাস্যুরেন্স স্কিম (QAS) এবং মেডিকেল এডুকেশন ইউনিট (MEU)-এর অধীনে শিক্ষার্থীদের একাডেমিক পারফরম্যান্স উন্নয়ন, পিছিয়ে পড়া শিক্ষার্থীদের শনাক্তকরণ ও সহায়তা প্রদানের লক্ষ্যে নিম্নবর্ণিত "Academic Support Services Committee" গঠন করা হলো। কমিটিটি অবিলম্বে কার্যক্রম শুরু করবে এবং নির্ধারিত দায়িত্ব ও কার্যাবলি (Core Functions) অনুযায়ী কাজ পরিচালনা করবে।

## Academic Support Services Committee (একাডেমিক সহায়তা সেবা কমিটি)

**উদ্দেশ্য:** একাডেমিকভাবে পিছিয়ে পড়া শিক্ষার্থীদের চিহ্নিত করা, দুর্বলতার কারণ বিশ্লেষণ করা এবং তাদের জন্য কাঠামোবদ্ধ একাডেমিক সহায়তা, রিমেডিয়াল ক্লাস, পরামর্শদান ও ফলো-আপ কার্যক্রম পরিচালনা করা।

| পদবী | নাম ও পদবী |
|---|---|
| সভাপতি | উপাধ্যক্ষ ও একাডেমিক কো-অর্ডিনেটর |
| সদস্য সচিব | চেয়ারম্যান, মেডিকেল এডুকেশন ইউনিট |
| সদস্য | ডা. শরীফ মোহাম্মদ এহসান, সহযোগী অধ্যাপক, বায়োকেমিস্ট্রি বিভাগ<br>ফেইজ-I কো-অর্ডিনেটর |
| সদস্য | ডা. মোহসেনা আক্তার, সহযোগী অধ্যাপক, ফার্মাকোলজি বিভাগ<br>ফেইজ-II কো-অর্ডিনেটর |
| সদস্য | অধ্যাপক ডা. জয়দীপ দত্ত গুপ্ত, প্যাথলজি বিভাগ, ফেইজ-III কো-অর্ডিনেটর |
| সদস্য | ডা. চিন্ময় কুমার সাহা, সহযোগী অধ্যাপক, মেডিসিন বিভাগ<br>ফেইজ-IV কো-অর্ডিনেটর |
| সদস্য | বিভাগীয় প্রধান (সকল) |
| সদস্য | ডা. জহির উদ্দিন মোহাম্মদ বাবর, সহযোগী অধ্যাপক, স্কিন এন্ড ভি.ডি. বিভাগ, ছাত্র উপদেষ্টা |
| সদস্য | ডা. মো. মাসুম ইমরান, সহকারী অধ্যাপক, নিউরোলজি বিভাগ, ছাত্র কল্যাণ কর্মকর্তা |
| কো-অপ্টেড সদস্য | তাহসিন হাবিব (৩য় বর্ষ, CoM-32), ছাত্র প্রতিনিধি |

### কমিটির মূল দায়িত্ব ও কার্যাবলি (Core Functions):

**১. শনাক্তকরণ (Identification):**

- অভ্যন্তরীণ ও পেশাগত পরীক্ষার ফলাফল বিশ্লেষণ করে একাডেমিকভাবে পিছিয়ে পড়া শিক্ষার্থীদের চিহ্নিত করা। শিক্ষক ও ফেইজ কো-অর্ডিনেটরদের মতামতের ভিত্তিতে শিক্ষার্থীদের একাডেমিক চ্যালেঞ্জ নির্ধারণ করা।

**২. হস্তক্ষেপ (Intervention):**

- শিক্ষার্থীদের জন্য Remedial Class, Focused Tutorial ও Supervised Study Session আয়োজন করা।

- প্রত্যেক দুর্বল শিক্ষার্থীর জন্য Individual Academic Improvement Plan তৈরি করা।
- প্রয়োজন অনুযায়ী একাডেমিক মেন্টর বা পিয়ার টিউটর নিয়োগ দেওয়া।

**৩. পর্যবেক্ষণ ও ফলো-আপ (Monitoring):**

- শিক্ষার্থীর অগ্রগতি মাসিক ভিত্তিতে পর্যবেক্ষণ ও পুনর্মূল্যায়ন করা।
- প্রতিটি শিক্ষার্থীর জন্য একটি Confidential Academic Support Logbook রক্ষণাবেক্ষণ করা।

**৪. নীতি পরামর্শ (Advisory):**

- একাডেমিক পারফরম্যান্স উন্নয়নে প্রয়োজনীয় নীতিমালা প্রণয়নে Academic Council-এ সুপারিশ করা।
- শিক্ষার্থীদের Study Techniques, Time Management, Exam Preparation বিষয়ে পরামর্শ দেওয়া।

**৫. প্রতিবেদন (Reporting):**

- প্রতি ছয় মাস অন্তর (Half-Yearly) গৃহীত পদক্ষেপ ও ফলাফলসংক্রান্ত সারসংক্ষেপ প্রতিবেদন অধ্যক্ষ ও একাডেমিক কাউন্সিল বরাবর দাখিল করা।

অফিস / মিটিং স্থান: কক্ষ নং-১২৬

এই অফিস আদেশ জারির পর "Academic Support Services Committee" অবিলম্বে কার্যক্রম শুরু করবে এবং একাডেমিক সহায়তা কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন প্রতি ০৩ (তিন) মাস অন্তর অধ্যক্ষ, একাডেমিক কো অর্ডিনেটর ও মেডিকেল এডুকেশন ইউনিটে দাখিল করবে।

16.11.25

অধ্যাপক ডা. মির্জা মুহাম্মদ তাইয়েবুল ইসলাম
অধ্যক্ষ,
কুমিল্লা মেডিকেল কলেজ
E-mail: comc@ac.dghs.gov.bd

নং-৫৯.১৪.০০১৯.০০৩.০৬.০১.২০২৫- ২৯৯২ (৫০) তারিখ: ১৬.১১.২০২৫ খ্রি.

অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হলো:

১. উপাধ্যক্ষ, কুমিল্লা মেডিকেল কলেজ।
২. চেয়ারম্যান, মেডিকেল এডুকেশন ইউনিট, কুমেক।
৩. বিভাগীয় প্রধান (সকল) ........................................................ কুমিল্লা মেডিকেল কলেজ।
৪. ডা. ........................................................................................................................................
৫. অফিস কপি।

16.11.25

অধ্যাপক ডা. মির্জা মুহাম্মদ তাইয়েবুল ইসলাম
অধ্যক্ষ
কুমিল্লা মেডিকেল কলেজ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
কুমিল্লা মেডিকেল কলেজ
www.comc.college.gov.bd; comc.edu.bd

নং-৫৯.১৪.০০১৯.০০৩.০৬.০১.২০২৫- ২৭৭৩ তারিখ: ১৬.১১.২০২৫ খ্রি.

বিষয়: "Social Support and Peer Mentorship Committee" গঠন ও কার্যক্রম শুরু সংক্রান্ত।

শিক্ষার্থীদের পারস্পরিক সহযোগিতা বৃদ্ধি, একাডেমিক ও মানসিক সহায়তার সংস্কৃতি গড়ে তোলা এবং সিনিয়র-জুনিয়র বন্ধন ও সামাজিক সম্পৃক্ততা জোরদার করার লক্ষ্যে নিম্নবর্ণিত "Social Support and Peer Mentorship Committee" গঠন করা হলো। কমিটিটি অবিলম্বে কার্যক্রম শুরু করবে এবং নিম্নে বর্ণিত দায়িত্ব ও কার্যাবলি (Core Functions) অনুযায়ী কাজ পরিচালনা করবে।

## Social Support and Peer Mentorship Committee (সামাজিক সহায়তা ও সহপাঠী পরামর্শ কমিটি)

**উদ্দেশ্য:** শিক্ষার্থীদের মধ্যে পারস্পরিক সংযোগ, সহমর্মিতা, ও সহায়তার পরিবেশ সৃষ্টি করা; একাডেমিক ও আবেগীয় সহায়তা প্রদানে পিয়ার মেন্টরশিপ ব্যবস্থা চালু ও তদারক করা, এবং একটি ঐক্যবদ্ধ, সহানুভূতিশীল ও সহযোগিতামূলক শিক্ষাবান্ধব সংস্কৃতি গড়ে তোলা।

| পদবী | নাম ও পদবী |
|---|---|
| সভাপতি | ডা. জুবাইদা আহমেদ, সহযোগী অধ্যাপক, কমিউনিটি মেডিসিন বিভাগ |
| সদস্য সচিব | ডা. মো. মাসুম ইমরান, সহকারী অধ্যাপক, নিউরোলজি বিভাগ, ছাত্র কল্যাণ কর্মকর্তা |
| সদস্য | চেয়ারম্যান, মেডিকেল এডুকেশন ইউনিট |
| সদস্য | ডা. শরীফ মোহাম্মদ এহসান, সহযোগী অধ্যাপক, বায়োকেমিস্ট্রি বিভাগ, ফেইজ-I কো-অর্ডিনেটর |
| সদস্য | ডা. মোহসেনা আক্তার, সহযোগী অধ্যাপক, ফার্মাকোলজি বিভাগ, ফেইজ-II কো-অর্ডিনেটর |
| সদস্য | অধ্যাপক ডা. জয়দীপ দত্ত গুপ্ত, প্যাথলজি বিভাগ, ফেইজ-III কো-অর্ডিনেটর |
| সদস্য | ডা. চিন্ময় কুমার সাহা, সহযোগী অধ্যাপক, মেডিসিন বিভাগ, ফেইজ-IV কো-অর্ডিনেটর |
| সদস্য | ডা. মো. মাসুম হাসান, সহকারী অধ্যাপক, ইউরোলজি ও হোস্টেল সুপারিনটেনডেন্ট |
| সদস্য | ডা. জহির উদ্দিন মোহাম্মদ বাবর, সহযোগী অধ্যাপক, চর্ম ও যৌন বিভাগ, ছাত্র উপদেষ্টা |
| সদস্য | আশরাফুল খান খাদেম (৫ম বর্ষ, CoM-30), ছাত্র প্রতিনিধি |
| সদস্য | ফাতেমা আক্তার (৫ম বর্ষ, CoM-30), ছাত্র প্রতিনিধি |

**কমিটির মূল দায়িত্ব ও কার্যাবলি:**

**১. পিয়ার মেন্টরশিপ কাঠামো (Peer Mentorship Framework):**

- সিনিয়র-জুনিয়র জোড়ায় গঠিত Mentor-Mentee System ডিজাইন ও বাস্তবায়ন করা।
- নির্বাচিত মেন্টরদের জন্য Communication, Confidentiality, Support Strategy বিষয়ে প্রশিক্ষণ আয়োজন করা।

**২. সামাজিক সম্পৃক্ততা কার্যক্রম (Social Integration Activities):**

- নবাগতদের জন্য Orientation Workshops, Welcome Programs ও Senior-Junior Bonding Sessions আয়োজন করা।
- জাতীয় ও সাংস্কৃতিক দিবসসমূহ উদযাপনের মাধ্যমে সামাজিক ঐক্য ও অন্তর্ভুক্তি বৃদ্ধি করা।

**৩. পর্যবেক্ষণ ও প্রতিক্রিয়া সংগ্রহ (Monitoring & Feedback):**

- শিক্ষার্থীদের কাছ থেকে গোপনীয় ফিডব্যাক সংগ্রহ করে পিয়ার মেন্টরশিপ কার্যকারিতা মূল্যায়ন করা।
- প্রয়োজন অনুযায়ী মেন্টর-মেন্টি জোড়া পুনর্বিন্যাস করা।

৪. সচেতনতা ও প্রচার (Awareness & Outreach):

- Anti-Ragging, Diversity, Inter-Batch Harmony বিষয়ে সচেতনতা কার্যক্রম আয়োজন করা।
- শিক্ষার্থীদের নেতৃত্বে Help Circles বা Discussion Forums গঠন করা।

৫. ঝুঁকিপূর্ণ বা একাকী শিক্ষার্থীদের সহায়তা (Support for Isolated/Vulnerable Students):

- সামাজিকভাবে বিচ্ছিন্ন, অন্তর্মুখী বা প্রান্তিক শিক্ষার্থীদের শনাক্ত করে তাদের সহপাঠীদের সঙ্গে যুক্ত করা।
- অভিযোজন সমস্যা বা সামাজিক উদ্বেগে ভুগছে এমন শিক্ষার্থীদের জন্য গোপনীয় সহায়তা প্রদান করা।

৬. অন্যান্য কমিটির সঙ্গে সমন্বয় (Liaison with Other Committees):

- একাডেমিকভাবে দুর্বল বা মানসিকভাবে বিপর্যস্ত শিক্ষার্থীদের প্রয়োজনে Academic Support Services Committee অথবা Psychological Support Committee-তে রেফার করা।

**অফিস / মিটিং স্থান:** কক্ষ নং-১২৬

এই অফিস আদেশ জারির পর কমিটিটি অবিলম্বে কার্যক্রম শুরু করবে এবং সম্পাদিত কার্যক্রমের সংক্ষিপ্ত প্রতিবেদন প্রতি ০৩ (তিন) মাস অন্তর একাডেমিক কো অর্ডিনেটর ও মেডিকেল এডুকেশন ইউনিটে দাখিল করবে।

16.11.25

অধ্যাপক ডা. মির্জ্জা মুহাম্মদ তাইয়েবুল ইসলাম
অধ্যক্ষ,
কুমিল্লা মেডিকেল কলেজ
E-mail: comc@ac.dghs.gov.bd

নং-৫৯.১৪.০০১৯.০০৩.০৬.০১.২০২৫-২২২৬ (৫০)    তারিখ: ১৬.১১.২০২৫ খ্রি.

অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হলো:

১. উপাধ্যক্ষ, কুমিল্লা মেডিকেল কলেজ।
২. চেয়ারম্যান, মেডিকেল এডুকেশন ইউনিট, কুমেক।
৩. বিভাগীয় প্রধান (সকল) ........................................................ কুমিল্লা মেডিকেল কলেজ।
৪. ডা. ........................................................................................................................
৫. অফিস কপি।

16.11.25

অধ্যাপক ডা. মির্জ্জা মুহাম্মদ তাইয়েবুল ইসলাম
অধ্যক্ষ
কুমিল্লা মেডিকেল কলেজ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
কুমিল্লা মেডিকেল কলেজ
www.comc.college.gov.bd; comc.edu.bd

নং-৫৯.১৪.০০১৯.০০৩.০৬.০১.২০২৫- ২১১৪ তারিখ: ১৬.১১.২০২৫ খ্রি.

**বিষয়: "Psychological Support Services Committee"** গঠন ও কার্যক্রম শুরু সংক্রান্ত।

শিক্ষার্থীদের মানসিক স্বাস্থ্য ও আবেগীয় সহায়তা প্রদান, একাডেমিক বা ব্যক্তিগত চাপজনিত মানসিক সংকটে প্রাথমিক মানসিক সহায়তা (Psychological First Aid) এবং পেশাগত রেফারেল সেবা নিশ্চিত করার লক্ষ্যে নিম্নবর্ণিত "Psychological Support Services Committee" গঠন করা হলো। কমিটিটি অবিলম্বে কার্যক্রম শুরু করবে এবং নিম্নে বর্ণিত দায়িত্ব ও কার্যাবলি (Core Functions) অনুযায়ী কাজ পরিচালনা করবে।

## Psychological Support Services Committee

**উদ্দেশ্য:** শিক্ষার্থীদের মানসিক স্বাস্থ্যজনিত সমস্যা, উদ্বেগ, পরীক্ষা-জনিত চাপ, বা ব্যক্তিগত মানসিক বিপর্যয়ের ক্ষেত্রে গঠনমূলক সহায়তা, কাউন্সেলিং এবং পেশাগত রেফারেল সেবা প্রদান করা।

| পদবী | নাম ও পদবী |
|---|---|
| সভাপতি | ডা. মো. শাহেদুল ইসলাম, সহযোগী অধ্যাপক ও বিভাগীয় প্রধান, সাইকিয়াট্রি বিভাগ |
| সদস্য সচিব | অধ্যাপক ডা. সরতাজ বেগম, অধ্যাপক ও বিভাগীয় প্রধান, গাইনী ও অবস বিভাগ |
| সদস্য | ডা. শরিফুল হক, সহকারী অধ্যাপক, সাইকিয়াট্রি বিভাগ |
| সদস্য | ডা. শরীফ মোহাম্মদ এহসান, সহযোগী অধ্যাপক, বায়োকেমিস্ট্রি বিভাগ, ফেইজ-I কো-অর্ডিনেটর |
| সদস্য | ডা. মোহসেনা আক্তার, সহযোগী অধ্যাপক, ফার্মাকোলজি বিভাগ, ফেইজ-II কো-অর্ডিনেটর |
| সদস্য | অধ্যাপক ডা. জয়দীপ দত্ত গুপ্ত, প্যাথলজি বিভাগ, ফেইজ-III কো-অর্ডিনেটর |
| সদস্য | ডা. চিন্ময় কুমার সাহা, সহযোগী অধ্যাপক, মেডিসিন বিভাগ, ফেইজ-IV কো-অর্ডিনেটর |
| সদস্য | ডা. মো. মাসুম হাসান, সহকারী অধ্যাপক, ইউরোলজি ও হোস্টেল সুপারিনটেনডেন্ট |
| সদস্য | ডা. জহির উদ্দিন মোহাম্মদ বাবর, সহযোগী অধ্যাপক, চর্ম ও যৌন বিভাগ, ছাত্র উপদেষ্টা |
| সদস্য | ডা. মো. মাসুম ইমরান, সহকারী অধ্যাপক, নিউরোলজি বিভাগ, ছাত্র কল্যাণ কর্মকর্তা |
| সদস্য | আসিফ ইকবাল (CoM-31), ছাত্র প্রতিনিধি |
| সদস্য | তাসনিয়া মজুমদার বর্ষা (৪র্থ বর্ষ, CoM-30), ছাত্র প্রতিনিধি |

**কমিটির মূল দায়িত্ব ও কার্যাবলি (Core Functions):**

**১. স্ক্রিনিং ও প্রাথমিক শনাক্তকরণ (Screening & Early Identification):**

- শিক্ষার্থী, মেন্টর বা শিক্ষককে মানসিক কষ্টে ভুগছে এমন শিক্ষার্থী শনাক্ত করে রেফার করার সুযোগ প্রদান।
- শিক্ষার্থীদের গোপনীয়তা রক্ষার্থে Anonymous Reporting System বা Self-Referral Channel চালু করা।

**২. প্রাথমিক কাউন্সেলিং সহায়তা (Initial Counselling Support):**

- সহানুভূতিশীল মনোভাবে Psychological First Aid, Stress Management Session ও পরামর্শ প্রদান।
- প্রতিটি সেশনের জন্য Confidential Counselling Logbook সংরক্ষণ করা, শিক্ষার্থীর সম্মতি (Informed Consent) গ্রহণপূর্বক।

৩. রেফারেল ব্যবস্থা (Referral System):

- জটিল বা দীর্ঘমেয়াদি মানসিক সমস্যার ক্ষেত্রে শিক্ষার্থীকে সার্টিফায়েড Psychiatrist বা Clinical Psychologist-এর কাছে রেফার করা।
- প্রয়োজনে স্থানীয় মানসিক স্বাস্থ্য কেন্দ্র এর সঙ্গে সমন্বয় করা।

৪. সচেতনতা ও সংবেদনশীলতা বৃদ্ধি (Awareness & Sensitization):

- পরীক্ষা-জনিত চাপ, উদ্বেগ, বিষণ্নতা, বার্নআউট, এবং Coping Skills বিষয়ে সেমিনার ও পোস্টার ক্যাম্পেইন আয়োজন।
- World Mental Health Day পালন এবং পিয়ার-লেড Wellness Campaign পরিচালনা।

৫. জরুরি পরিস্থিতি মোকাবিলা (Emergency Protocols):

- আত্মহত্যাপ্রবণ চিন্তা, আতঙ্কজনিত আক্রমণ ইত্যাদি সংকটময় অবস্থায় করণীয় নির্দেশিকা (Action Plan) প্রণয়ন।
- হোস্টেল ওয়ার্ডেন ও নির্ধারিত মানসিক স্বাস্থ্য প্রতিক্রিয়াকারীর মাধ্যমে ২৪ ঘণ্টা যোগাযোগের ব্যবস্থা রাখা।

৬. পর্যবেক্ষণ ও প্রতিক্রিয়া (Monitoring & Feedback):

- কাউন্সেলিং-পরবর্তী ফিডব্যাক সংগ্রহ করে সেবার মানোন্নয়ন করা।
- ত্রৈমাসিক (Quarterly) ভিত্তিতে কার্যক্রমের প্রতিবেদন Student Affairs Council ও অধ্যক্ষ বরাবর দাখিল করা।

অফিস / মিটিং স্থান: কক্ষ নং-১২৬

**গোপনীয়তা ও নৈতিকতা (Confidentiality & Ethics):**

- সকল রেকর্ড সম্পূর্ণ গোপনীয়ভাবে সংরক্ষণ করতে হবে।
- কাউন্সেলিং গ্রহণকারী শিক্ষার্থীর বিরুদ্ধে কোনো একাডেমিক বা প্রশাসনিক ব্যবস্থা নেওয়া যাবে না।
- রেফারেল বা ডকুমেন্টেশন পূর্বে অবশ্যই শিক্ষার্থীর লিখিত সম্মতি গ্রহণ করতে হবে।

এই অফিস আদেশ জারির পর কমিটিটি অবিলম্বে কার্যক্রম শুরু করবে এবং প্রতি তিন মাস অন্তর পরিচালিত সেবা কার্যক্রমের সংক্ষিপ্ত প্রতিবেদন একাডেমিক কো অর্ডিনেটর ও মেডিকেল এডুকেশন ইউনিটে দাখিল করবে।

16.11.25

অধ্যাপক ডা. মির্জ্জা মুহাম্মদ তাইয়েবুল ইসলাম
অধ্যক্ষ,
কুমিল্লা মেডিকেল কলেজ
E-mail: comc@ac.dghs.gov.bd

নং-৫৯.১৪.০০১৯.০০৩.০৬.০১.২০২৫- ২১১৪(৫০)

তারিখ: ১৬.১১.২০২৫ খ্রি.

অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হলো:

১. উপাধ্যক্ষ, কুমিল্লা মেডিকেল কলেজ।
২. চেয়ারম্যান, মেডিকেল এডুকেশন ইউনিট, কুমেক।
৩. বিভাগীয় প্রধান (সকল) ........................................................ কুমিল্লা মেডিকেল কলেজ।
৪. ডা. ..............................................................................................................
৫. অফিস কপি।

16.11.25

অধ্যাপক ডা. মির্জ্জা মুহাম্মদ তাইয়েবুল ইসলাম
অধ্যক্ষ
কুমিল্লা মেডিকেল কলেজ

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

অধ্যক্ষের কার্যালয়

কুমিল্লা মেডিকেল কলেজ

www.comc.college.gov.bd; comc.edu.bd

নং-৫৯.১৪.০০১৯.০০৩.০৬.০১.২০২৫- ২১১৫ তারিখ: ১৬.১১.২০২৫ খ্রি.

বিষয়: **"Financial Assistance and Student Welfare Committee"** গঠন ও কার্যক্রম শুরু সংক্রান্ত।

শিক্ষার্থীদের আর্থিক কষ্ট শনাক্ত করে স্বচ্ছ প্রক্রিয়ার মাধ্যমে উপযুক্ত আর্থিক সহায়তা, স্কলারশিপ, ফি মওকুফ বা অন্যান্য কল্যাণমূলক সহায়তা প্রদানের লক্ষ্যে নিম্নবর্ণিত "Financial Assistance and Student Welfare Committee" গঠন করা হলো। কমিটিটি অবিলম্বে কার্যক্রম শুরু করবে এবং নিম্নে বর্ণিত দায়িত্ব ও কার্যাবলি (Core Functions) অনুযায়ী কাজ পরিচালনা করবে।

## Financial Assistance and Student Welfare Committee

**উদ্দেশ্য:** অর্থনৈতিকভাবে দুর্বল শিক্ষার্থীদের চিহ্নিত করা, যাচাইকৃত প্রমাণের ভিত্তিতে উপযুক্ত আর্থিক সহায়তা প্রদান করা এবং তাদের সার্বিক কল্যাণ নিশ্চিত করা।

| পদবী | নাম ও পদবী |
|---|---|
| সভাপতি | অধ্যক্ষ |
| সহ- সভাপতি | উপাধ্যক্ষ |
| সদস্য সচিব | ডা. মো. মাসুম হাসান, সহকারী অধ্যাপক, ইউরোলজি ও হোস্টেল সুপারিনটেনডেন্ট |
| সদস্য | মো. সাইফুল ইসলাম, অফিস সহকারী কাম সহকারী কম্পিউটার অপারেটর, হিসাব কর্মকর্তা |
| সদস্য | ডা. শরীফ মোহাম্মদ এহসান, সহযোগী অধ্যাপক, বায়োকেমিস্ট্রি বিভাগ, ফেইজ-I কো-অর্ডিনেটর |
| সদস্য | ডা. মোহসেনা আক্তার, সহযোগী অধ্যাপক, ফার্মাকোলজি বিভাগ, ফেইজ-II কো-অর্ডিনেটর |
| সদস্য | অধ্যাপক ডা. জয়দীপ দত্ত গুপ্ত, প্যাথলজি বিভাগ, ফেইজ-III কো-অর্ডিনেটর |
| সদস্য | ডা. চিন্ময় কুমার সাহা, সহযোগী অধ্যাপক, মেডিসিন বিভাগ, ফেইজ-IV কো-অর্ডিনেটর |
| সদস্য | ডা. মো. সজিবুর রশিদ, সহযোগী অধ্যাপক, ইএনটি বিভাগ<br>প্রাক্তন শিক্ষার্থী প্রতিনিধি |
| সদস্য | ডা. জহির উদ্দিন মোহাম্মদ বাবর, সহযোগী অধ্যাপক, চর্ম ও যৌন বিভাগ, ছাত্র উপদেষ্টা |
| সদস্য | ডা. মো. মাসুম ইমরান, সহকারী অধ্যাপক, নিউরোলজি বিভাগ, ছাত্র কল্যাণ কর্মকর্তা |
| সদস্য | ফাতেমা মেহজাবিন জারিন (CoM-32)<br>ছাত্র প্রতিনিধি |
| কো-অপ্টেড সদস্য | জনাব তৌহিদুল ইসলাম বাবু (০১৭১৯৬৭২৪৩০), অ্যাডভোকেট আইন/প্রশাসনিক উপদেষ্টা |

## কমিটির মূল দায়িত্ব ও কার্যাবলি (Core Functions):

**১. আবেদন গ্রহণ ও যাচাই (Application and Screening):**
- আর্থিক সহায়তার জন্য আবেদন আহ্বান করে নোটিশ প্রকাশ করা।
- আবেদনকারীর আয় সম্পর্কিত কাগজপত্র, একাডেমিক পারফরম্যান্স ও সুপারিশপত্র যাচাই করা।

**২. সাক্ষাৎকার ও যাচাইকরণ (Interview and Verification):**
- প্রয়োজনে শিক্ষার্থী বা অভিভাবকের সঙ্গে সাক্ষাৎকার গ্রহণ করে আর্থিক অবস্থা যাচাই করা।
- হোস্টেল ওয়ার্ডেন বা ফ্যাকাল্টি অ্যাডভাইজরের মাধ্যমে তথ্য যাচাই করা।

**৩. সহায়তা প্রদান (Aid Disbursement):**

কমিটি যাচাই শেষে নিম্নলিখিত সহায়তার সুপারিশ ও বিতরণে সহায়তা করবে –

- Tuition Fee Waiver (টিউশন ফি মওকুফ)
- Monthly Stipend বা Lump-sum Grant
- বই, ভর্তুকি (Subsidy)
- হোস্টেল ভাড়া বা খাদ্য ব্যয়ে সহায়তা
- পার্ট টাইম জব যোগার করে দেয়া

**৪. রেকর্ড সংরক্ষণ ও স্বচ্ছতা (Record Keeping and Transparency):**

- সকল আবেদন, অনুমোদন ও বিতরণকৃত অর্থের বিস্তারিত Ledger Register সংরক্ষণ করা।
- প্রতিবছর একটি বার্ষিক আর্থিক প্রতিবেদন (Annual Report) প্রস্তুত করে Internal Audit ও Academic Council-এ দাখিল করা।

**৫. ছাত্র কল্যাণ পর্যবেক্ষণ (Student Welfare Monitoring):**

- পারিবারিক সংকট, বাসস্থান সমস্যা বা সামাজিক অসুবিধায় থাকা শিক্ষার্থীদের শনাক্ত করে Psychological বা Social Support Committee-তে রেফার করা।

**৬. বহিঃসংস্থার সঙ্গে সমন্বয় (Liaison with External Agencies):**

- NGO, Zakat Fund, Alumni Foundation, Private Donor প্রভৃতির সঙ্গে যোগাযোগ করে অতিরিক্ত স্কলারশিপ বা স্পনসরশিপের ব্যবস্থা করা।

অফিস / মিটিং স্থান: কক্ষ নং-১২৬

এই অফিস আদেশ জারির পর "Financial Assistance and Student Welfare Committee" অবিলম্বে কার্যক্রম শুরু করবে এবং প্রতি বছর আবেদন, যাচাইকরণ ও সহায়তা বিতরণ সংক্রান্ত বার্ষিক প্রতিবেদন অধ্যক্ষ ও উপাধ্যক্ষ বরাবর দাখিল করবে।

16.11.25

অধ্যাপক ডা. মির্জা মুহাম্মদ তাইয়েবুল ইসলাম
অধ্যক্ষ,
কুমিল্লা মেডিকেল কলেজ
E-mail: comc@ac.dghs.gov.bd

নং-৫৯.১৪.০০১৯.০০৩.০৬.০১.২০২৫- ২১১৫ (৫০) তারিখ: ১৬.১১.২০২৫ খ্রি.

অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হলো:

১. উপাধ্যক্ষ, কুমিল্লা মেডিকেল কলেজ।

২. চেয়ারম্যান, মেডিকেল এডুকেশন ইউনিট, কুমেক।

৩. বিভাগীয় প্রধান (সকল) ........................................................ কুমিল্লা মেডিকেল কলেজ।

৪. ডা. ..................................................................................................................................

৫. অফিস কপি।

16.11.25

অধ্যাপক ডা. মির্জা মুহাম্মদ তাইয়েবুল ইসলাম
অধ্যক্ষ
কুমিল্লা মেডিকেল কলেজ